



বাংলাদেশ হাই কমিশন, নাইরোবি, কেনিয়া  
High Commission for the People's Republic of  
Bangladesh  
337 Runda Road, Nairobi, Kenya



বিএইচএন/ দিবস/ ২০২০

২৬ মার্চ ২০২০

**প্রেস বিজ্ঞপ্তি: নাইরোবিতে ঘরোয়া পরিবেশে বাংলাদেশের ৫০তম স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত।**

নাইরোবি, ২৬ মার্চ ২০২০: কেনিয়ার রাজধানী নাইরোবিতে আজ ঘরোয়া পরিবেশে ৫০ তম স্বাধীনতা দিবস উদযাপন করেছে দেশটিতে অবস্থিত বাংলাদেশের হাই কমিশন। দিনের শুরুতে মিশন চত্বরে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন কেনিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার মেজর জেনারেল মোঃ জাহাঙ্গীর কবির তালুকদার। হাই কমিশনের সব কর্মকর্তা-কর্মচারী এসময়ে উপস্থিত ছিলেন। এরপর, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং স্বাধীনতা যুদ্ধে নেতৃত্ব দানকারী চার জাতীয় নেতা আর মহান স্বাধীনতার শহীদ ও ত্যাগ স্বীকারকারী ব্যক্তিবর্গের সম্মানে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী'র বাণী পাঠের মাধ্যমে আলোচনা অনুষ্ঠান শুরু হয়। হাই কমিশনার তার বক্তব্যের শুরুতে সবাইকে জাতির পিতার জন্ম শতবার্ষিকীতে অনুষ্ঠিত স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানান। তিনি বলেন, পুরো মানবজাতি আজ কোভিড-১৯ এর বিরুদ্ধে এক নজীরবিহীন যুদ্ধে অবতীর্ণ। প্রত্যেকের দায়িত্বশীল আচরণের মাধ্যমে আমাদেরকে এই সর্বাঙ্গিক সংগ্রামে সফল হতে হবে। তিনি আশা প্রকাশ করেন, যথাসম্ভব দ্রুতই আমরা আবার স্বাভাবিক জীবন যাপনে ফিরে যেতে পারবো। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কর্মকান্ডে তিনি সন্তুষ্টি প্রকাশ করে তিনি বলেন, স্বাধীনতার সুফল সবার কাছে পৌঁছে দিয়ে ইনশাআল্লাহ ২০৪১ সালের আগেই বাংলাদেশ একটি উন্নত ও সমৃদ্ধিশালী দেশে প্রতিষ্ঠিত হবে।

(সায়েম আহমেদ)

কাউন্সেলর ও দূতালয় প্রধান